# ALL INDIA RADIO
## RNU : KOLKATA
### Bengali Text Bulletin

**Date: 02.10.2023** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) একশো দিনের কাজ এবং আবাস যোজনায় কেন্দ্রীয় বঞ্চনার অভিযোগে দিল্লিতে তৃণমূল কংগ্রেসের আন্দোলন কর্মসূচী চলাকালীনই কেন্দ্রীয় প্রকল্পের টাকা খরচের ক্ষেত্রে অনিয়ম রুখতে রাজ্য সরকার, বিশেষ আধিকারিক নিয়োগ করছে।

এদিকে এই দুই প্রকল্পের বকেয়া নিয়ে কথা বলতে তৃণমূল কংগ্রেস নেতারা আগামিকাল কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিংয়ের সঙ্গে দেখা করবেন করবেন।

২) মুখ্যমন্ত্রীর শাসনকালে পশ্চিমবঙ্গে ২৫ লক্ষ ভুয়ো জবকার্ড তৈরি হয়েছে বলে গিরিরাজ সিং অভিযোগ করেছেন।

বিজেপি এই দুই প্রকল্পের দুর্নীতির বিষেয় দিল্লীতে গ্রামোন্নয়ন মন্ত্রকে অভিযোগ জানিয়েছে, বিধানসভাতেও পালিত হয় বিক্ষোভ কর্মসূচী।

৩) সারা দেশের সঙ্গে এরাজ্যেও যথাযোগ্য মর্যাদায় জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৪ তম জন্মবার্ষিকী পালিত হচ্ছে।

৪) বঙ্গোপসাগরে সৃষ্ট গতকালের সুস্পষ্ট নিম্নচাপ আজ কিছুটা দুর্বল হয়ে নিম্নচাপে পরিণত হয়েছে। এর প্রভাবে ৫ই অক্টোবর পর্যন্ত রাজ্যের প্রায় সব জেলাতেই ঝড়বৃষ্টির পূর্বাভাস।

৫) সল্টলেকে যুবভারতী ক্রীড়াঙ্গনে মোহনবাগান সুপারজায়ান্টস, আজ এএফসি কাপ ফুটবলের গ্রুপ ম্যাচে মালদ্বীপের মাজিয়া এস আর সি-র মুখোমুখি হয়েছে।

---

একশো দিনের কাজ এবং আবাস যোজনায় কেন্দ্রীয় বঞ্চনার অভিযোগে দিল্লিতে তৃণমূল কংগ্রেসের আন্দোলন কর্মসূচী চলাকালীনই কেন্দ্রীয় প্রকল্পের টাকা খরচের ক্ষেত্রে অনিয়ম রুখতে রাজ্য সরকার, বিশেষ আধিকারিক নিয়োগ করছে। নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে, কেন্দ্রীয় সহায়তায় চলা প্রকল্পগুলির টাকা যাতে অর্থ দফতরের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পড়ে না থাকে, তা সুনিশ্চিত করতে, ঐ দপ্তরে সেন্ট্রাল ড্রয়িং অ্যান্ড ডিসবার্সমেন্ট অফিসার বা ডিডিও নিয়োগ করা হবে। বর্তমানে প্রতিটি দফতরে একজন করে ডিডিও থাকলেও একজন অভিজ্ঞ আধিকারিককে কেন্দ্রীয়ভাবে অর্থদফতরের ডিডিও হিসাবে নিয়োগ করা হবে। কোনো প্রকল্পের কেন্দ্রীয় সহায়তা আসা মাত্রই ওই আধিকারিক তা সংশ্লিষ্ট দফতরের নির্দিষ্ট প্রকল্পের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পাঠিয়ে দেবেন।

উল্লেখ্য, পঞ্চদশ অর্থ কমিশনের টাকা পাওয়ার ১০ দিনের মধ্যে অর্থদফতরকে তা নির্দিষ্ট প্রকল্পের অ্যাকাউন্টে পাঠিয়ে দেওয়া হয়। অন্যান্য খাতে এই সময়সীমা ২১ দিন। কিন্তু বেশিরভাগ ক্ষেত্রেই নির্দিষ্ট সময়ের মধ্যে তা পাঠানো সম্ভব হয়না। নতুন পদ্ধতি চালু হলে এই সমস্যা থেকে যেমন নিস্তার মিলবে, তেমনি প্রকল্পের কাজেও গতি বাড়বে বলে আশা করা হচ্ছে।

---

একশ দিনের কাজ ও আবাস যোজনার বকেয়া নিয়ে কথা বলতে তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় সহ দলের নেতারা আগামিকাল সন্ধেয় কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিংয়ের সঙ্গে দেখা করবেন। আজ বিকেলে দিল্লিতে সাংসদ সুদীপ বন্দ্যোপাধ্যায়ের বাড়িতে দলীয় নেতৃত্বের সঙ্গে বৈঠকের পর অভিষেক একথা জানান। তার আগে দুপুরে যন্তর মন্তরে দলের তরফে ধরনা দেওয়া হবে।

সাংবাদিকদের অভিষেক বলেন, রাজ্য থেকে কর বাবদ এক লক্ষ কোটি টাকা নিয়ে গিয়েছে কেন্দ্র। আর বাংলার প্রাপ্তির ভাঁড়ার শূন্য। রাজ্যের বকেয়া আদায় করে তবেই তাঁরা রাজ্যে ফিরবেন। অভিষেকের দাবি রাজ্য সরকার চাকরি দিতে চায়। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার কারণেই তা সম্ভব হচ্ছে না। বারবার মামলার জটে চাকরি আটকে যাচ্ছে। যারা অন্যায় করেছে তাঁরা শাস্তি পাবেনই। অভিষেক আজকে রাজঘাটে দলীয় কর্মসূচিতে দিল্লি পুলিশের হস্তক্ষেপের তীব্র নিন্দা করেন। তিনি বলেন, গান্ধী জয়ন্তীর দিন শান্তিপূর্ণ অবস্থান করা সত্ত্বেও তাঁদের এই লড়াই জারি থাকবে বলে অভিষেক জানান।

বাইট

উল্লেখ্য, কেন্দ্রীর বঞ্চনার প্রতিবাদে দিল্লির রাজঘাটে তৃণমূল কংগ্রেসের সত্যাগ্রহ অনুষ্ঠানকে কেন্দ্র করে আজ ব্যাপক উত্তেজনা তৈরি হয়। পুলিশের অনুমতি না থাকা সত্ত্বেও অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আজ দুপুরে দু'ঘণ্টা ধরে রাজঘাটে গান্ধীজির সমাধিস্থলে তৃণমূলের নেতা কর্মীরা অবস্থান বিক্ষোভ করেন।

প্ল্যাকার্ড হাতে শান্তিপূর্ণ অবস্থান চলে। কর্মসূচি শেষে রাজঘাটের গেটের সামনে দাঁড়িয়ে অভিষেক সাংবাদিক বৈঠক করার সময় গোলমাল বাঁধে। ঠিক সে সময়ই পুলিশ মাইকিং করে তৃণমূল নেতাদের দ্রুত রাজঘাট ছেড়ে বেরিয়ে যাওয়ার কথা বলে। তা মানতে রাজি না হওয়ায় সাংবাদিক বৈঠকের মাঝেই অভিষেক বন্দ্যোপাধ্যায় সহ নেতৃত্বকে সেখান থেকে সরিয়ে দেওয়া হয়। তৃণমূলের অন্য কর্মী সমর্থকদের রাজঘাট থেকে তাড়া করে নিরাপত্তারক্ষীরা বের করে দেয় বলে অভিযোগ।

-------------------------

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর শাসনকালে পশ্চিমবঙ্গে ২৫ লক্ষ ভুয়ো জব কার্ড তৈরি হয়েছে বলে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী গিরিরাজ সিং অভিযোগ করেছেন। বিহারের বেগুসরাইয়ে আজ সাংবাদিকদের তিনি বলেন, MGNREGA কার্ডের সঙ্গে আধার সংযোগের সময় এই দুর্নীতি প্রকাশ্যে আসে। পঞ্চায়েত এলাকার বাসিন্দা নয় এমন ৫ লক্ষ মানুষকে জব কার্ড দেওয়া হয়েছে বলে তাঁর দাবি।

--------------------------

তৃণমূল কংগ্রেসের মিশন দিল্লি কর্মসূচির পাল্টা হিসেবে বিজেপি সাংসদরা আজ দিল্লিতে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রকের কাছে ১০০ দিনের কাজ ও আবাস যোজনা প্রকল্পে দুর্নীতি বিষয়ে অভিযোগ জানিয়েছে। পরে দিল্লিতে এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার অভিযোগ করেন, বাংলায় বিভিন্ন প্রকল্পে যেভাবে দুর্নীতি হয়েছে তা অন্য কোন রাজ্যে হয়নি। রাজ্য সরকার ,কেন্দ্রের বরাদ্দ নিয়ে নয়ছয় এবং ভুয়ো তালিকা বানিয়ে টেন্ডারেও দুর্নীতি করেছে।

বাইট

--------------------------

এদিকে, বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের টাকা নিয়ে দুর্নীতির প্রতিবাদে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপি পরিষদীয় দল আজ রাজ্য বিধানসভাযতেও বিক্ষোভ দেখায়। পরে বিধানসভার বাইরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা অভিযোগ করেন,১কোটি ৩০লক্ষ ভুয়ো জব কার্ড বানিয়ে শাসক দল টাকা নয়ছয় করেছে। এরমধ্যে সবচেয়ে বেশি দুর্নীতি হয়েছে অভিষেক ব্যানার্জির নির্বাচনী জেলা দক্ষিন ২৪ পরগনায়। অবিলম্বে এই ১কোটি ৩০লক্ষ জব কার্ডের টাকা ফেরত দেওয়া এবং যারা টাকা নিয়েছে তাদের বিরুদ্ধে সিবিআই তদন্তের দাবি জানান বিরোধী দলনেতা । তিনি বলেন, কেন্দ্রীয় প্রকল্পের দুর্নীতিতে সিবিআই তদন্ত হয়।

তাই মিড ডে মিলের টাকা নিয়ে মুখ্যমন্ত্রী সন্দেশখালিতে যে কম্বল বিতরণ করেছেন সে ক্ষেত্রেও সিবিআই তদন্তের জন্য কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের কাছে দাবি জানানো হয়েছে।

শ্রী অধিকারী আরও জানান,প্রধানমন্ত্রী আবাস যোজনায় কেন্দ্রীয় সরকার ৩০হাজার কোটি টাকা দিয়েছে এবং ৫০লক্ষ বাড়ি নির্মাণ হয়েছে। তাসত্ত্বেও বাঁকুড়ায় মাটির দেওয়াল চাপা পড়ে মৃত শিশুর পরিবার কেন বাড়ি পায়নি এবং মুখ্যমন্ত্রী এই প্রকল্পে ১০লক্ষ নতুন নামের তালিকা পাঠালেও ওই পরিবারের নাম কেন দেওয়া হয়নি তিনি সেই প্রশ্ন ও তোলেন।

বাইট

বিক্ষোভ শেষে শুভেন্দু অধিকারীর নেতৃত্বে পরিষদীয় দলের সদস্যরা পদযাত্রা করে মেয়ো রোডে গান্ধী মূর্তির পাদদেশে মহিলা মোর্চার ধর্নায় গিয়ে যোগ দেন।

এদিকে রাজ্যে বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে দুর্নীতি ও মহিলাদের ওপর অত্যাচারের প্রতিবাদে বিজেপির মহিলা মোর্চা ও আজ মেয়ো রোডে গান্ধী মূর্তির পাদদেশে ধর্না অবস্থান করে।

---------------------------

২৪ পরগনার ২০০৯ সালের প্রাথমিকের চাকরি প্রার্থীরা আজ চাকরির দাবিতে দিল্লীর যন্তর মন্তরে ধর্ণায় বসেন। ৩০ মিনিটের জন্য তাদের সেখানে বসার অনুমতি দেওয়া হয়।

উল্লেখ্য, এর আগে কেন্দ্রীয় বঞ্চনার অভিযোগে যন্তর-মন্তরে ধর্ণার আবেদন জানালেও তৃণমূল কংগ্রেসকে দিল্লি পুলিশ লিখিত অনুমতি না দেওয়ায় দলের তরফে তাদের বিরুদ্ধে পক্ষ পাতিত্বের অভিযোগ উঠেছে।

---------------------------

সারা দেশের সঙ্গে এরাজ্যেও যথাযোগ্য মর্যাদায় জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৪ তম জন্মবার্ষিকী পালিত হচ্ছে।

একটি প্রতিবেদন

কলকাতা পুর ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে গান্ধীজীর প্রতিকৃতিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান পুরসভার বোরো চেয়ারপার্সন সানা আহমেদ। শ্রদ্ধা নিবেদন করেন পুর প্রতিনিধি ও পুরসভার আধিকারিকেরা।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এবং বিজেপি পরিষদীয় দলের সদস্যরা বিধানসভায় মহাত্মা গান্ধীর প্রতিকৃতিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান। পরে শ্রী অধিকারি বলেন, আজ লাল বাহাদুর শাস্ত্রীরও জন্মজয়ন্তী। তাই তাঁকেও শ্রদ্ধা জানানো উচিত ছিল। কিন্তু বিধানসভায় কোথাও সেই ব্যবস্থা নেই। ভবিষ্যতে এই ত্রুটি সংশোধনের জন্য বিধানসভার পরবর্তী অধিবেশনে পরিষদীয় দলের মুখ্য সচেতক মনোজ টিগ্গা বিষয়টি উত্থাপন করবেন, বলে তিনি জানান। পরে মেয়ো রোডে গান্ধী মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান বিরোধী দলনেতা।

বিভিন্ন জেলা থেকেও যথোচিত মর্যাদায় দিনটি পালনের খবর এসেছে।

---------------------------

বঙ্গোপসাগরে সৃষ্ট গতকালের সুস্পষ্ট নিম্নচাপ আজ কিছুটা দুর্বল হয়ে নিম্নচাপে পরিণত হয়েছে। এটি এখন দক্ষিণ পশ্চিম ঝাড়খন্ড ও সংলগ্ন উত্তর ছত্তিশগড়ের ওপর অবস্থান করছে। এর প্রভাবে বৃহস্পতিবার ৫ই অক্টোবর পর্যন্ত রাজ্যের প্রায় সব জেলাতেই ঝড়বৃষ্টির পূর্বাভাস। মৎস্যজীবীদের আগামীকাল পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

আলিপুর আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, দক্ষিণ ২৪ পরগণা, দুই মেদিনীপুর ও ঝাড়গ্রাম জেলায় আজকের মতোই আগামীকালও ভারি বৃষ্টির হলুদ সতর্কতা জারি থাকছে। বুধবার চৌঠা অক্টোবর এই চার জেলা ছাড়াও হলুদ সতর্কতা থাকছে পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান, বীরভূম ও মুর্শিদাবাদ জেলায়। ৫ তারিখ অবশ্য শুধুমাত্র পশ্চিম বর্ধমান, বীরভূম ও মুর্শিদাবাদে ভারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

উত্তরবঙ্গে কালিম্পং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় আগামীকাল ভারি থেকে অতিভারি বৃষ্টির কমলা সতর্কতা এবং দার্জিলিং ও কোচবিহারে হলুদ সতর্কতা জারি করা হয়েছে। বুধবার চৌঠা অক্টোবর কোচবিহার., জপাইগুড়ি ও আলিপুরদুয়ারে ভারি থেকে অতিভারি এবং দার্জিলিং, কালিম্পং ও উত্তর দিনাজপুর জেলায় ভারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে। ৫ তারিখ ভারি বৃষ্টি হবে কোচবিহার, জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার জেলায়।

আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর সঞ্জীব বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানালেন,

বাইট

--------------------------

নিম্নচাপের জেরে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আগামী কয়েক দিন বৃষ্টির পূর্বাভাস এবং ঝাড়খন্ডে প্রবল বৃষ্টির জেরে ডিভিসি কর্তৃপক্ষ তাদের মাইথন ও পাঞ্চেত জলাধার থেকে জল ছাড়ায় রাজ্য সরকার সংশ্লিষ্ট সাত জেলা প্রশাসনকে সতর্ক থাকার নির্দেশ দিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নির্দেশে মুখ্য সচিব হরিকৃষ্ণ দ্বিবেদী আজ নবান্ন থেকে বাঁকুড়া, বীরভূম, দুই বর্ধমান, পশ্চিম মেদিনীপুর, হুগলি এবং হাওড়া জেলার

জেলাশাসক, পুলিশ সুপার ও সেচ এবং বিপর্যয় ব্যবস্থাপনা দপ্তরের আধিকারিকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন। সেচ দপ্তরের আধিকারিকদের ডিভিসি কতৃপক্ষের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, মাইথন ও পাঞ্চেত ২টি জলাধার থেকেই আজ এক লক্ষ ৩০ হাজার জলাধার জল ছাড়া হয়েছে। দুর্গাপুর জলাধার থেকে ছাড়া হয়েছে এক লক্ষ এক হাজার কিউসেক জল।

-------------------------

সল্টলেকে যুবভারতী ক্রীড়াঙ্গনে মোহনবাগান সুপারজায়ান্টস, আজ এএফসি কাপ ফুটবলের গ্রুপ ম্যাচে মালদ্বীপের মাজিয়া এস আর সি-র মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে, ম্যাচ গোলশূন্য রয়েছে।

------------------------- -------------------------